# নির্বাচনকে বাধাগ্রস্ত করার চেষ্টা ব্যর্থ হবে: সালাহউদ্দিন আহমদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, স্বৈরাচারের শক্তি নির্বাচনের পথে বাধা সৃষ্টি করার চেষ্টা করলেও তা কখনই সফল হবে না।

শুক্রবার (৯ জানুয়ারি) বিকেলে নিহত আজিজুর রহমান মুসাব্বিরের পরিবারকে সমবেদনা জানাতে গিয়ে তিনি সাংবাদিকদের বলেন, "যে কোনো ঘটনা নির্বাচনকে প্রভাবিত করার উদ্দেশ্যে ঘটানো হলে তা তদন্তের মাধ্যমে যথাযথ ব্যবস্থা নিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতি দাবি জানিয়েছি। আমাদের খুঁজে দেখতে হবে, কি কোনো শক্তি গণতন্ত্র ও নির্বাচনের বিরোধী হিসেবে এর পেছনে আছে কি না।"

সালাহউদ্দিন আহমদ আরও বলেন, "নির্বাচনের স্বচ্ছতা নিশ্চিত করতে সকলকে সতর্ক থাকতে হবে। কেউ নির্বাচনে বাধা আনতে পারবে না। যারা এমন চেষ্টা করবে, জনগণ তা প্রতিহত করবে। এ ধরনের ঘটনা যেন ভবিষ্যতে না ঘটে, সেজন্য সরকারের আগাম প্রস্তুতি জরুরি।"

উল্লেখ্য, গত বুধবার (৭ জানুয়ারি) রাতের দিকে রাজধানীর পশ্চিম তেজতুরি বাজার এলাকায় দুর্বৃত্তরা গুলি করে আজিজুর রহমান মুসাব্বিরকে। তাকে দ্রুত রাজধানীর বিআরবি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

LENS ASIA